

স্মারক সংখ্যা: ০৫.৪১.২৬০০.০১৭.১১.০০১.১৬(অংশ)- ৪৫৬(৪৫)সম;

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৬
১৭ সেপ্টেম্বর ২০১৯


নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা জেলার অন্তর্গত বিভিন্ন ইউনিয়ন পরিষদে “হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর” পদের শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত জাতীয় বেতনস্কেল ও শর্তাদিসাপেক্ষে ঢাকা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	পদের নাম ও পদের সংখ্যা	জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী বেতনস্কেল	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
০১।	হিসাব সহকারী কাম- কম্পিউটার অপারেটর (পদ সংখ্যা-৩৫ টি)	স্কেল ৯৩০০-২২৪৯০/- টাকা	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্য বিভাগে অনুান দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং (গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ।	বেতন ডাতার ৭৫% সরকার কর্তৃক ও ২৫% ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদেয়।

- ০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক এবং ঢাকা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০২। ২০-১০-২০১৯ খ্রি: তারিখে আবেদনকারীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে (মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সন্তানদের বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য)। বয়সের ক্ষেত্রে কোন প্রকার এক্সিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৩। জেলা প্রশাসক, ঢাকা বরাবর নিম্নবর্ণিত নির্ধারিত ছকে লিখিত আবেদনপত্র আগামী ২০-১০-১৯ খ্রি: তারিখ অফিস চলাকালীন ডাকযোগে জেলা প্রশাসক, ঢাকার কার্যালয়ে পৌছাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনপত্রের কপি www.dhaka.gov.bd ওয়েব সাইট থেকে ডাউনলোড করা যাবে। নির্ধারিত ছকে আবেদন না করলে আবেদনটি ক্রটিযুক্ত বলে গণ্য হবে।
- ০৪। অসম্পূর্ণ, ক্রটিযুক্ত ও নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- ০৫। আবেদনকারী কর্তৃক দাখিলকৃত খামের উপরে পদের নাম এবং কোটার নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।
- ০৬। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ
- (ক) প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নামাংকিত সীলনোহরসহ সত্যায়িত)।
- (খ) সকল শিক্ষাগত যোগ্যতার ও অন্যান্য সনদপত্রের ফটোকপি/ অনুলিপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত)। কোন নম্বরপত্র বা প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়।
- (গ) আবেদনকারীকে কম্পিউটার (এমএস ওয়ার্ড, এক্সেল, পাওয়ার পয়েন্ট, ইন্টারনেট, ও ই-মেইল ইত্যাদি) চালানায় পারদর্শী হতে হবে এবং এ সংক্রান্ত অভিজ্ঞতা/প্রশিক্ষণের সনদপত্র সাথে সংযুক্ত করতে হবে।
- (ঘ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।
- (ঙ) প্রার্থীর নিজ এলাকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের মূল সনদপত্র।
- (চ) প্রার্থীর আবেদনে উল্লিখিত জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত কপি।
- (ছ) জেলা প্রশাসক, ঢাকা এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখার ৪০০/- (চারশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা দিতে হবে।
- (জ) নির্ভুল ঠিকানায় প্রবেশপত্র প্রেরণের লক্ষ্যে আবেদনকারী কর্তৃক আবেদনপত্রের সাথে পদের নাম, প্রার্থীর নাম ও ঠিকানা সন্নিবিষ্ট ১০"x ৪" সাইজের ১০/- (দশ) টাকার ডাক টিকেট লাগানো একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।
- ০৭। নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা (প্রযোজ্য ক্ষেত্রে পুত্র-কন্যার পুত্র-কন্যা)/মহিলা/ আনসার ডিভিপি/ এটিম ও শারীরিক প্রতিবন্ধী/ ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর জন্য কোটা সংক্রান্ত সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে। এক্ষেত্রে প্রার্থীকে তার কোটা দাবির সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্র ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে। অন্যথায় তাকে সাধারণ প্রার্থী হিসেবে বিবেচনা করা হবে।
- (ক) প্রার্থী মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা (প্রযোজ্য ক্ষেত্রে পুত্র-কন্যার পুত্র-কন্যা) হিসাবে প্রমাণের জন্য সর্বশেষ সরকারি সাকুলার অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক প্রমাণের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত মূল প্রত্যয়নপত্র জমা দিতে হবে।
- (খ) মহিলা প্রার্থীগণের ক্ষেত্রে যদি স্বামীর ঠিকানা ব্যবহার করা হয় তবে সেক্ষেত্রে প্রার্থীকে স্থায়ী ঠিকানার সপক্ষে সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।
- (গ) আনসার ডিভিপি'র ক্ষেত্রে জেলা কমান্ডেন্ট, আনসার ও ডিভিপি কর্তৃক প্রদত্ত সনদপত্রের কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) জমা দিতে হবে।
- (ঘ) এটিম প্রমাণের জন্য এতিমখানার তত্ত্বাবধায়ক কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) জমা দিতে হবে।
- (ঙ) শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে উপপরিচালক, জেলা সমাজসেবা অধিদপ্তর, ঢাকা কর্তৃক প্রদত্ত তালিকাভুক্তির সনদপত্রের কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) জমা দিতে হবে।
- (চ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী প্রার্থীর ক্ষেত্রে জেলা প্রশাসক, ঢাকা প্রদত্ত সনদপত্রের কপি (প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) জমা দিতে হবে।
- ০৮। চাকরিতে নিয়োজিত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং এ ক্ষেত্রে কোন অগ্রীম কপি গ্রহণযোগ্য হবে না।
- ০৯। কর্তৃপক্ষ সরকারি বিধি-বিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন কোন শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবেন।
- ১০। প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে প্রার্থী নির্বাচন করা হবে। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

- ১১। চাকরিতে নিয়োগের পূর্বে পুলিশ ডেরিফিকেশন সম্পন্ন করা হবে। পুলিশ ডেরিফিকেশন রিপোর্টের তথ্য এবং আবেদনকারীর প্রদত্ত তথ্যে অমিল পরিলক্ষিত হলে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক এ বিষয়ে নিরাপেক্ষ তদন্ত করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।
- ১২। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ যে সকল প্রার্থীকে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হবে, তাদেরকে ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় আবেদনে বর্ণিত শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসহ সকল সনদের (কোর্টের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত মূল সনদপত্রসহ) মূলকপি প্রদর্শন করতে হবে। কোন প্রকার সনদপত্র দেখাতে ব্যর্থ হলে বা কোন সনদপত্র অসত্য প্রমাণিত হলে প্রার্থীর আবেদনপত্র এবং লিখিত পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।
- ১৩। কোন তথ্য গোপন করে/ভুল তথ্য প্রদান করে/পুলিশ ডেরিফিকেশন সন্তোষজনক না হলে, চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলেও প্রার্থীর নিয়োগ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ১৪। নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে স্থানীয় সরকার বিভাগের ইউপি-২ জমিশাখার ০৩/১০/২০১৬ বি: তারিখের ৪৬.০১৮.০২২.০০.০০.০১৪.২০১৫(অংশ-২)-৫৮১ নং স্মারকে ইউনিয়ন পরিষদে হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরের সৃজিত পদে অলিকাভুক্ত যে কোন ইউনিয়ন পরিষদে বদলি/পদায়ন করার ক্ষমতা সংরক্ষণ করবে।
- ১৫। নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ সুপ্রীম কোর্টর আপীল বিভাগে লীড টু আপীল মামলা নং-৪৫২/২০১৮ এর গত ০৫/০২/২০১৮ তারিখের আদেশ প্রতিপালন করা হবে।
- ১৬। নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল বা এর কোন বিষয় সংশোধনের ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৭। কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা কম বা বেশি করতে পারবেন।



আবু ছালেহ মোহাম্মদ ফেরদৌস খান
জেলা প্রশাসক
ঢাকা।

ফোনঃ ৯৫৫৬৬২৮ (অফিস)

email:dhaka@mopa.gov.bd

স্মারক সংখ্যা: ০৫.৪১.২৬০০.০১৭.১১.০০১.১৬(অংশ) - ৪৫৫(৪৫) (সং)

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৬
১২ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো:


১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশে সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।

স্মারক সংখ্যা: ০৫.৪১.২৬০০.০১৭.১১.০০১.১৬(অংশ) - ৪৫৫(৪৫) (সং)

তারিখ: ০৪ আশ্বিন ১৪২৬
১২ সেপ্টেম্বর ২০১৯

সদয় অবগতি/বহল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। প্রধান নির্বাহী কর্মকর্তা, উত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
- ০২। পুলিশ সুপায়, ঢাকা।
- ০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঢাকা।
- ০৪। সিভিল সার্জন, ঢাকা।
- ০৫। মেয়র, খামরাই/সাভার/দোহার পৌরসভা, ঢাকা।
- ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ.....(সকল), ঢাকা।
- ০৭। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
- ০৮। সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, ঢাকা। (বহল প্রচারের অনুরোধসহ)
- ০৯। উপজেলা নির্বাহী অফিসার, সাভার/খামরাই/কেরানীগঞ্জ/নবাবগঞ্জ/দোহার, ঢাকা।
- ১০।(জেলা পর্যায়ের কর্মকর্তা), ঢাকা।
- ১১। মেজরত ডেপুটি কালেক্টর, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। তাকে নিয়োগ বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধ করা হলো।
- ১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা। তাকে নিয়োগ বিজ্ঞপ্তি ও আবেদনপত্রের কপি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১৩। অফিস কপি।



উপপরিচালক, স্থানীয় সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।

চাকরির আবেদন ফরম

৫×৫ সে.মি
ছবি
(সম্প্রতি তোলা তিন
কপি সত্যায়িত)

বরাবর
জেলা প্রশাসক
ঢাকা।

১.	পদের নাম :															
২.	বিজ্ঞপ্তি নম্বর :						তারিখ:		দি	ন	মা	স	ব	ং	স	র
৩.	প্রার্থীর নাম	বাংলা: ইংরেজীতে (বড় অক্ষরে) :														
৪.	জাতীয় পরিচয় পত্র নম্বর:															
	জন্ম নিবন্ধন নম্বর:															
৫.	জন্ম তারিখ:	দি	ন	মা	স	ব	ং	স	র	৬. জন্ম স্থান (জেলা):						
৭.	বিজ্ঞপ্তিতে উল্লিখিত (২০-১০-২০১৯) তারিখে প্রার্থীর বয়স:			বছর			মাস			দিন						
৮.	মাতার নাম:															
৯.	পিতার নাম:															
১০.	ঠিকানা :			বর্তমান						স্থায়ী						
	বাসা ও সড়ক (নাম/নম্বর):															
	গ্রাম/পাড়া/মহল্লা:															
	ইউনিয়ন/ওয়ার্ড:															
	ডাকঘর:															
	পোস্টকোড নম্বর:															
	উপজেলা:															
	জেলা:															
১১.	যোগাযোগ:			মোবাইল/টেলিফোন নম্বর:						ই-মেইল (যদি থাকে):						
১২.	জাতীয়তা:								১৩.	জেন্ডারঃ						
১৪.	ধর্ম :								১৫.	পেশা						
১৬.	শিক্ষাগত যোগ্যতা:															
	পরীক্ষার নাম	বিষয়	শিক্ষা প্রতিষ্ঠান	পাসের সন	বোর্ড/বিশ্ববিদ্যালয়				গ্রেড/শ্রেণি/বিভাগ							
১৭.	অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে):															
১৮.	অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):															
১৯.	কোটা (টিক দিন):		মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা						এতিম/শারীরিক প্রতিবন্ধী							
			ক্ষুদ্র নৃ-পোষ্ঠী						আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য							
									অন্যান্য (উল্লেখ করুন):							
২০.	চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর:				তারিখ:											
	ব্যাংক ও শাখার নামঃ															
২১.	বিভাগীয় প্রার্থী কিনা (টিক দিন) :			হ্যাঁ						না						
	প্রযোজ্য নয়															
আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।																
তারিখঃ										প্রার্থীর স্বাক্ষর						